



তারেক রহমানকে জয়ের শুভেচ্ছা জানাল জার্মান দূতাবাস



বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়লাভের পর তারেক রহমান ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে অভিনন্দন জানিয়েছে ঢাকায় অবস্থিত জার্মান দূতাবাস। শনিবার (১৪ ফেব্রুয়ারি) পাঠানো এক বার্তায় জার্মান কূটনৈতিক মিশন নবনির্বাচিত নেতৃত্বকে শুভেচ্ছা জানায়। দীর্ঘ বিরতির পর অনুষ্ঠিত এই নির্বাচনে ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণকে গণতান্ত্রিক চর্চার ইতিবাচক দৃষ্টান্ত হিসেবে উল্লেখ করা হয়।

বার্তায় বলা হয়, নির্বাচনী প্রক্রিয়ায় জনগণের সক্রিয় সম্পৃক্ততা গণতন্ত্রের প্রতি দৃঢ় অঙ্গীকারের বহিঃপ্রকাশ। নবনির্বাচিত সংসদ সদস্যদেরও অভিনন্দন জানিয়ে জার্মানি নতুন সরকার ও জাতীয় সংসদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে। রাজনৈতিক সংলাপ, অর্থনৈতিক সহযোগিতা এবং সংস্কার কার্যক্রমে সমর্থন অব্যাহত রাখার কথাও জানানো হয়। নির্বাচনের ফল ঘোষণার পর আন্তর্জাতিক অঙ্গন থেকেও অভিনন্দন বার্তা আসছে। এর আগে যুক্তরাষ্ট্র ও ভারতসহ বিভিন্ন বন্ধুপ্রতিম দেশ বিএনপি ও তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

LENS ASIA